# উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণি

## স্থানঃ উপজেলা পরিষদ মিলনায়তন, শেরপুর, বগুড়া

১৩ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ/ ২৮ ডিসেম্বর, ২০২৩ খ্রি. সময়ঃ বেলা-১১.০০ টা

সভার মাসঃ ডিসেম্বর/২০২৩

---

সভাপতি : জনাব মোঃ শাহ্ জামাল সিরাজী
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ
শেরপুর, বগুড়া

**<u>সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য</u>**

সভাপতি কর্তৃক সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণি পাঠ করে শোনানো হয়। কোন আপত্তি বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ (Confirmation) করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্র.নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় ডিসেম্বর/২০২৩ মাসের উপস্থাপনযোগ্য কার্যপত্র উপস্থাপন করেন। | স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শেরপুর, বগুড়া |

| আন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা | শয্যায় অবস্থানরত রোগীর সংখ্যা | Average Length of stay | বেড অকুপেন্সি রেট (%) | আন্তঃ বিভাগে মৃত রোগীর সংখ্যা | Brought Death | বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা | জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ৬৮০ | ১০৭২ | ১.৬২ | ১১৫.২৬ | ০২ | ১৩ | ১৯২৮৫ | ৪১৮১ |

| আইএমসি কর্ণারে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা | কৈশোর বান্ধব কর্ণারে সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা | এনসিডি কর্ণারে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা | হাসপাতালে প্রসব | | কমিউনিটি ক্লিনিকে সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা | কমিউনিটি ক্লিনিক হতে রেফার্ডকৃত রোগীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | স্বাভাবিক | সিজার | | |
| ১১০৬ | ১৬৩৫ | ৪৫৫ | ৫০ | ১১ | ৩৫৭১৯ | ১৮৯ |

| এ্যাম্বুলেন্স সেবা | আলট্রাসনোগ্রাফি | ইসিজি | মোবাইল স্বাস্থ্য সেবা |
|---|---|---|---|
| ৮৯ | ১৩৫ | ১১৫ | ১২৫ |

| ক্র.নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় ডিসেম্বর/২০২৩ মাসের তার বিভাগের কার্যক্রম সভায় উপস্থাপন করেন। | রোপা আমন ধান লক্ষমাত্রা অনুযায়ী রোপন অগ্রগতি চলমান আছে। রোপা আমন ধানের রোগ ও পোকা আক্রমন হতে পারে এজন্য আগাম সতর্ক হিসেবে লিফলেট বিতরণ ও নিয়মিত মাঠ মনিটরিং অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার ও সংশ্লিষ্ট সকল মাঠ কর্মকর্তা শেরপুর,বগুড়া। |

<u>ফসল আবাদ পরিস্থিতি</u>

| ফসলের নাম | লক্ষমাত্রা | অর্জিত মাত্রা হেঃ | কর্তনকৃত জমি | গড় ফলন মেঃটন | মোট উৎপাদন (মে.টন) |
|---|---|---|---|---|---|
| রোপা আমন | ২১৮৬০ | ২২৪৩৩ | ২২৪৩৩ | ৩.১ | ৬৯৫৬০ |
| বোরো বীজতলা | ১০৬৫ | ৮৯০ | ০ | ০ | ০ |
| বোরো আবাদ | ২১০০০ | ০ | ০ | ০ | ০ |
| আলু | ৩০০০ | ২৭০০ | ০ | ০ | ০ |
| সরিষা | ৩৮৫০ | ৩৬৬০ | ০ | ০ | ০ |
| পেঁয়াজ | ২০০ | ১১০ | ০ | ০ | ০ |
| মরিচ | ১৫০ | ১৩০ | ০ | ০ | ০ |
| রসুন | ৬০ | ৫৫ | ০ | ০ | ০ |
| গম | ১৫০ | ১৩০ | ০ | ০ | ০ |
| ভূট্টা | ২৫০০ | ২৪৬০ | ০ | ০ | ০ |
| মাসকলাই | ০২ | ০ | ০ | ০ | ০ |
| মসুর | ১৫ | ১০ | ০ | ০ | ০ |
| মটর | ০.৫ | ০ | ০ | ০ | ০ |
| অড়হড় | ০.৫ | ০১ | ০ | ০ | ০ |
| তিল | ০২ | ০২ | ০ | ০ | ০ |
| শাকসবজি | ১৭৫০ | ১৪৭০ | ৭৩০ | ২৩ | ১৬৭৯০ |
| মিষ্টি আলু | ৩০ | ৩৫ | ০ | ০ | ০ |
| কেশুর আলু | ০ | ২৪ | ০ | ০ | ০ |
| আঁখ | ১০ | ১০ | ০ | ০ | ০ |
| পেঁপে | ০ | ৪০ | ০ | ০ | ০ |
| পান | ০ | ২.৮ | ০ | ০ | ০ |

<u>সার পরিস্থিতি মেঃ টনঃ</u>

| সারের নাম | বরাদ্দ (মেঃটন) | উত্তোলন(মেঃটন) পূর্বের মাসসহ | বর্তমান মজুদ (মেঃটন) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ইউরিয়া | ১০৮৯ | ৯০৭ | ৩৪০ | পূর্বের মাসের মজুদসহ |
| টিএসপি | ১১২ | ৮৮.৩৫ | ৩১ | |
| এমওপি | ২১০ | ১৫০.৯৫ | ৫০ | |
| ডিএপি | ১৭৬ | ১২৬.৫০ | ৯৯ | |

| ক্র.নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী, শেরপুর, বগুড়া, সভায় জানান ২০২৩-২৪ অর্থ বছরে বাস্তবায়নের জন্য কিছু স্কীম পাওয়া গেছে। স্কীমগুলো বাস্তবায়নের জন্য অনুমোদন প্রয়োজন। বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>১। শাহবন্দেগী ইউপির নওদাপাড়া সেজার মিস্ত্রী বাড়ী হতে তাহেরুল দোকানের দিকে ড্রেন নির্মাণ (টেন্ডার)<br>২। গাড়িদহ কোয়ালিটি ফিডের মসজিদগামী রাস্তা নির্মাণ (পিআইসি)<br>৩। রেইন কোর্ট বিতরণ (পিআইসি)= ২,০০,০০০/-<br>৪। কম্বল বিতরণ (পিআইসি)= ২,০০,০০০/-<br>৫। আইন-শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে ভবানীপুর বাজারে সিসিটিভি ক্যামেরা স্থাপন (পিআইসি)= ২,০০,০০০/-<br>৬। উপজেলা শিল্পকলা একাডেমির জন্য হারমনিয়াম ও তবলা ক্রয় বাবদ = ২,০০,০০০/-<br>৭। ব্যাড মিন্টন খেলার উপকরণ বিতরণ (পিআইসি)= ২,০০,০০০/-<br>৮। আশ্রয়ণ-২ প্রকল্পের রাস্তা মেরামত বাবদ (পিআইসি)= ২,০০,০০০/-<br>এছাড়াও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পরিত্যাক্ত ঘোষনার নিমিত্বে জেলা কনডেমনেশন কমিটিতে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর জরাজীর্ন ভবনের প্রাক্কলিত মূল্য ১,৩৫,৩৩৭/= এবং জনস্বাস্থ্য প্রকৌশলীর জরাজীর্ন ভবনের নিলামের জন্য প্রাক্কলিত মূল্য = ১,১৫,১২১/= অনুমোদন দেওয়া হয়। | বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২৪ অর্থ বছরে পার্শ্বেবর্ণিত স্কীমগুলো বাস্তবায়নের জন্য অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, শেরপুর, বগুড়া |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ অফিস দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় তার বিভাগের কার্যক্রম উপস্থাপন করেন। লাম্পি স্কিন ডিজি (এলএসডি) প্রতিরোধক সচেতনতা বিষয়ক কর্মসূচী অব্যাহত আছে।<br>০১। মোট চিকিৎসা প্রদান: গবাদিপশু+পোষা+পোল্ট্রি = ৩৮,৩৩৩ টি<br>০২। মোট কৃত্রিম প্রজনন প্রদান = ১,২০৮ টি<br>০৩। গবাদি পশু ও হাঁস মুরগির ভ্যাকসিন প্রদান = ১,১৪,৪৩৮টি<br>০৪। বাচ্চা উৎপাদন = ৫২৪ টি<br>০৫। বিনামূল্যে ঘাসের কাটিং বিতরণ = ৫০,৫০০ টি<br>০৬। এলডিডিপি প্রকল্পে পিজি গ্রুপের প্রশিক্ষণ = ১৯ টি<br>ক্ষুদ্র নৃ-গোষ্ঠি ও আশ্রয়ন প্রকল্পে বসবাসরত প্রাণিসম্পদ বিষয়ক প্রশিক্ষণের মাধ্যমে উৎপাদনমুখী আর্থিক সাবলম্বিতা বৃদ্ধি। | সভায় বিস্তারিত আলোচনান্ত নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ক) নারী উদ্যোক্তাদের কর্মসংস্থানে প্রাণিসম্পদ প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>(খ) মাঠ পর্যায়ে টিকা প্রদান ও গবাদি প্রাণির কৃমি মুক্তকরণ কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(গ) ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কার্যক্রম জোরদারকরণ।<br>(ঘ) ক্যাম্পাস মাঠে মাটি ভরাট ও জলাবদ্ধতা নিরসন। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার শেরপুর, বগুড়া |
| ০৫ | সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় তার দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন, ০১ নভেম্বর ২০২৩ থেকে ৩০ জুন ২০২৪ পর্যমন্ত মৎস্য সংরক্ষণ আইন ১৯৫০ অনুযায়ী ইলিশ মাছ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এবং বাংলাদেশের জাতীয় ইলিশ মাছ সংরক্ষণ ১০ ইঞ্চি/২৫ সেন্টি মিটারের নীচে ছোট ইলিশ মাছ (জাটকা নামে পরিচিত) আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ অথবা ক্রয়-বিক্রয় নিষিদ্ধ। এর আলোকে শেরপুর উপজেলার বিভিন্ন আড়তদার, বিক্রেতা ও জেলেদের সাথে মতবিনিময় করা হয়েছে। জাটকাসহ সারা বছর নিষিদ্ধ পিরানহা, আফ্রিকান মাগুর আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ অথবা ক্রয়-বিক্রয় বন্ধের লক্ষ্যে বিভিন্ন বাজার/হাট, আড়তে সচেতনতা সৃষ্টির জন্য লিফলেট বিতরণ করা হচ্ছে। নিয়মিত বিভিন্ন বাজার, আড়ত, হাট, বরফ কল ইত্যাদি পরিদর্শন করা হচ্ছে। সংশ্লিষ্ট সকলকে এতদবিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।<br>২. গত ২৭/১১/২০২৩ খ্রি: তারিখে শেরপুর রানীরহাটে অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে ৫০ কেজি আফ্রিকান মাগুর মাছ জব্দ করা হয়। জব্দকৃত মাছের মধ্যে ৩৫ কেজি হযরত মরিয়ম (আ:) মহিলা মাদ্রাসা রাণীর হাট বাজার, বিশালপুর, শেরপুর, বগুড়া বিতরণ করা হয় এবং ১৫ কেজি দারুল উলুম ইসলামিয়া মাদ্রাসা, রাণীরহাট, বিশালপুর, শেরপুর, বগুড়ায় বিতরণ করা হয়েছে।<br>৩. অফিসে আগতচাষীদের কীট বক্স দ্বারা পানি পরীক্ষার মাধ্যমে নিয়মিতভাবে মাছচাষীদের যথাযথ পরামর্শ প্রদান করা হচ্ছে। এর ফলে চাষীরা যথেষ্ট উপকৃত হচ্ছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন। | স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার শেরপুর, বগুড়া<br>২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)<br>৩। স্ব-স্ব কর্তৃপক্ষ |
| ০৬ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম উপস্থাপন করেন। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠির বিশেষ বয়স্ক ভাতা ও হিজরা শিক্ষা উপবৃত্তি সুবিধাভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান আছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের অতিরিক্ত কোটায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা,অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রত্যাশিদের অনলাইন আবেদন গ্রহণ ১০/০৮/২০২৩ তারিখ হতে শুরু হয়ে ১০/০৯/২০২৩ তারিখে বয়স্ক ও বিধবা ভাতার অনলাইন আবেদন গ্রহণ শেষ হয় এবং ২০/০৯/২০২৩ তারিখে প্রতবন্ধী ভাতা প্রত্যাশিদের অনলাইন আবেদন গ্রহণ শেষ হয়। বয়স্ক ভাতায় ৬০৭১টি, বিধবা ভাতায় ৬৪৭১টি শেষ হয় এবং প্রতিবন্ধী ভাতায় ১৪৫৫ টি সহ মোট ১৩৯৪৩টি অনলাইন আবেদন পাওয়া যায়। ২০২৩-২৪ অর্থ বছরের নিয়মিত ভাতাভোগীদের ২য় কিস্তির পেরোল প্রেরণ করার কাজ চলমান আছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার<br>২। চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি, শেরপুর,বগুড়া। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, শেরপুর, বগুড়া সভায় বলেন, ২০২২-২০২৪ অর্থবছরে (ক) ওয়াশ ব্লক ০৮টি (খ) প্লেয়িং এক্রেসোরিজ-০৬টি, ক্ষুদ্র মেরামত (রাজস্ব খাত) প্রকল্পের মাধ্যমে ০৬টি প্রতিষ্ঠান মেরামত করা হয়েছে। এছাড়া কক্ষের সীমাবদ্ধতা ও বইয়ের গোডাউন প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষা অফিসের কক্ষের সীমাবদ্ধতা ও বইয়ের গোডাউনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে উর্ধ্বতন কর্তপক্ষের দৃষ্টি আকর্ষণ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ০৮ | সাব-রেজিস্ট্রার দপ্তর | সাব-রেজিস্ট্রী অফিস বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সাব-রেজিস্ট্রার |
| ০৯ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে অবহিত করেন তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই মর্মে সভাকে অবহিত করেন। | স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক শেরপুর,বগুড়া |

<table>
<tr><th>ক্র.নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>১০</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ ওয়ারী ও নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ের টিআর, কাবিখা, কাবিটা প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। উপজেলা পরিষদ ওয়ারী ও নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায়ের টিআর, কাবিখা, কাবিটা প্রকল্পের তালিকা জেলা কমিটিতে অনুমোদন হয়েছে। প্রাকৃতিক দুর্যোগে যে কোন ক্ষয়ক্ষতির ঘটনা ঘটলে জরুরী ভিত্তিতে প্রতিবেদন প্রদানের জন্য সংশিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। নিম্নরূপভাবে তার দপ্তরের কর্মকান্ডের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>বরাদ্দের পরিমাণ</th><th>প্রকল্প সংখ্যা</th><th>বরাদ্দকৃত অর্থ/খাদ্য</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ কাবিটা (নগদ অর্থ - টাকা) ১ম পর্যায়</td><td>২১</td><td>৬০৪৭৭১৭.৩৪ টাকা</td><td>১০০ %</td></tr>
<tr><td>উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ কাবিখা (খাদ্যশস্য - চাল) ১ম পর্যায়</td><td>০৬</td><td>২৯.১৭২৬ মে:টন</td><td>১০০ %</td></tr>
<tr><td>উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ কাবিখা (খাদ্যশস্য - চাল) ২য় পর্যায়</td><td>০৬</td><td>২৯.১৬৫৬ মে:টন</td><td>প্রক্রিয়াধীন</td></tr>
<tr><td>উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ কাবিখা (খাদ্যশস্য - গম) ১ম পর্যায়</td><td>০৬</td><td>২৯.১৭২৬ মে:টন</td><td>১০০%</td></tr>
<tr><td>উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ কাবিখা (খাদ্যশস্য - গম) ২য় পর্যায়</td><td>০৬</td><td>২৯.১৬৫৬ মে:টন</td><td>প্রক্রিয়াধীন</td></tr>
<tr><td>উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ টিআর (নগদ অর্থ - টাকা) ১ম পর্যায়</td><td>৩৩</td><td>৪১৫৬২২৫.৫৭ টাকা</td><td>১০০%</td></tr>
<tr><td>উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ টিআর (নগদ অর্থ - টাকা) ২য় পর্যায়</td><td>২৬</td><td>২২,৩৭,২০২/২৩</td><td>প্রক্রিয়াধীন</td></tr>
<tr><td>নির্বাচনী এলাকা ভিত্তিক বরাদ্দ কাবিটা (নগদ অর্থ - টাকা) ১ম পর্যায়</td><td>২৬</td><td>৬৭,৫০,০০০/০০</td><td>১০০%</td></tr>
<tr><td>নির্বাচনী এলাকা ভিত্তিক বরাদ্দ কাবিখা (খাদ্যশস্য - চাল) ১ম পর্যায়</td><td>০২</td><td>৩৩.০০০ মে:টন</td><td>১০০%</td></tr>
<tr><td>নির্বাচনী এলাকা ভিত্তিক বরাদ্দ কাবিখা (খাদ্যশস্য - চাল) ২য় পর্যায়</td><td>০২</td><td>৪০.০০০ মে:টন</td><td>প্রক্রিয়াধীন</td></tr>
<tr><td>নির্বাচনী এলাকা ভিত্তিক বরাদ্দ কাবিখা (খাদ্যশস্য - গম) ১ম পর্যায়</td><td>০২</td><td>৩০.০০০ মে:টন</td><td>১০০%</td></tr>
<tr><td>নির্বাচনী এলাকা ভিত্তিক বরাদ্দ কাবিখা (খাদ্যশস্য - গম) ২য় পর্যায়</td><td>০৩</td><td>৪০.০০০ মে:টন</td><td>প্রক্রিয়াধীন</td></tr>
<tr><td>নির্বাচনী এলাকা ভিত্তিক বরাদ্দ টিআর (নগদ অর্থ - টাকা) ১ম পর্যায়</td><td>৭৭</td><td>৫৭,৪১,৫০০/০০</td><td>১০০%</td></tr>
<tr><td>নির্বাচনী এলাকা ভিত্তিক বরাদ্দ টিআর (নগদ অর্থ - টাকা) ২য় পর্যায়</td><td>২৩</td><td>৪০,০০,০০০/০০</td><td>প্রক্রিয়াধীন</td></tr>
<tr><td>পৌরসভা বরাদ্দ টিআর (নগদ অর্থ - টাকা) ১ম পর্যায়</td><td>০৬</td><td>৩,৯৬,৬৮৩/৪৬ টাকা</td><td>১০০%</td></tr>
<tr><td>পৌরসভা বরাদ্দ টিআর (নগদ অর্থ - টাকা) ২য় পর্যায়</td><td>০৪</td><td>২,১৩,৫৯৮/৭৯</td><td>তালিকা অনুমোদনের জন্য জেলা কমিটিতে প্রেরণ করা হয়েছে</td></tr>
<tr><td>জেলা প্রশাসকের ১ম পর্যায় টিআর</td><td>০১</td><td>১,৫০,০০০/০০ টাকা</td><td>১০০%</td></tr>
<tr><td>অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) ১ম পর্যায়</td><td>১০৩২ জন</td><td>--</td><td>৮৭.৫০%</td></tr>
<tr><td>গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)</td><td>০২</td><td>১,১৮,৪২,৬০৫/০০</td><td>১০%</td></tr>
<tr><td>শীত বস্ত্র (কম্বল)</td><td>৫৭২০</td><td>--</td><td>বিতরণ চলমান</td></tr>
</table>
</td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শেরপুর, বগুড়া<br>২। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় ডিসেম্বর/২০২৩ মাসের তার দপ্তরের কর্মকান্ডের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন;
<table>
<tr><th rowspan="2">মূল/মউ/প্রকল্প/ কর্মসূচি</th><th colspan="2">মসিক</th><th colspan="2">বার্ষিক</th><th rowspan="2">ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th></tr>
<tr><td>সমিতি গঠন</td><td>০২</td><td>-</td><td>০৭</td><td>-</td><td>৩১৪</td></tr>
<tr><td>সদস্য ভর্তি</td><td>১০</td><td>০১</td><td>১২০</td><td>৩৭</td><td>১১২৮৫</td></tr>
<tr><td>শেয়ার</td><td>০.৩৩</td><td>-</td><td>৪.০০</td><td>১.৭২</td><td>১২৫.২৮</td></tr>
<tr><td>সঞ্চয়</td><td>১.৯২</td><td>২.৬৭</td><td>২১.৫০</td><td>১৬.৯০</td><td>৫০২.২০</td></tr>
</table>
<table>
<tr><th rowspan="2">ঋণ কার্যক্রম</th><th colspan="3">ঋণ বিতরণ</th><th colspan="3">ঋণ আদায়</th><th rowspan="2">ঋণ আদায়ের হার</th><th rowspan="2">ঋণ অনাদায়ী</th></tr>
<tr><th>মাসিক</th><th>বার্ষিক</th><th>ক্রমপুঞ্জিত</th><th>মাসিক</th><th>বার্ষিক</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>মূল ও মউ</td><td>২৩.০৭</td><td>১১৯.৫৫</td><td>৫৪৩.১৫</td><td>৩১.৪৬</td><td>১১৮.১৫</td><td>৪৯১৮.৮০</td><td>১০০%</td><td>৫১৩.৩৫</td></tr>
<tr><td>প্রকল্প/কর্মসূচি</td><td>৩৪.৫৯</td><td>৭৪.০৩</td><td>২০৩৪.৪৪</td><td>৩৪.৯৭</td><td>৬১.০৪</td><td>১৭৭৬.৫৩</td><td>৯০%</td><td>২৫৭.১১</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৫৭.৬৬</td><td>১৮৯.৮৫</td><td>৭৪৬৬.৫৯</td><td>৬৬.৪৩</td><td>১৭৯.৬৯</td><td>৬৬৯৫.৩৩</td><td>৯৫%</td><td>৭৭১.২৬</td></tr>
</table>
</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার শেরপুর,বগুড়া</td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শেরপুর, বগুড়া মাধ্যমিক পর্যায়ে নতুন কারিকুলাম অনুযায়ী বিষয় ভিত্তিক শিক্ষকদের প্রশিক্ষণ গত ১৮/১২/২০২৩খ্রি: হতে ২৪/১২/২০২৩খ্রি: পর্যন্ত ০২টি ভেন্যুতে সুষ্ঠুভাবে পরিচালিত হয়েছে। প্রশিক্ষণে মোট ১০০৮ জন শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেছেন। তিনি আরোও বলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসটি দীর্ঘ দিন যাবৎ পরিত্যক্ত কোর্ট ভবনে দপ্তরের কার্যাদি পরিচালিত হয়ে আসছে। বর্তমানে ভবনটির অবস্থা খুবই নাজুক। ছাদের প্লাস্টার খসে ঢালায়ের রড বের হয়ে আসছে। দেয়াল গুলো ড্যাম হয়ে গেছে। রং করলেও রং ঝরে পড়ে। নীচু হওয়ায় প্রায়ই টয়লেটের লাইন বন্ধ হয়ে যায়। জানালা গুলো ভেঙ্গে পড়েছে। ছাদ ড্যাম হওয়ার কারণে যে কোন সময় ছাদ ধসে পড়তে পারে। এমতাবস্থায়, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসটি অন্যত্র স্থানান্তর করার জন্য উপস্থাপন করেন। এছাড়াও তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। কোন সমস্যা নেই।</td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শেরপুর, বগুড়া</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ভিডব্লিউবি, মা ও শিশুসহায়তা কর্মসূচীসহ অত্র বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনগুলিতে উঠান বৈঠকসহ কিশোর কিশোরী ক্লাবের মাধ্যমে বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন।</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার শেরপুর, বগুড়া</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র.নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় তার দপ্তরের পরিবার পরিকল্পনা কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন ও হার তুলে ধরেন। কার্যক্রম নিম্নরূপঃ
<table>
<tr><td colspan="2">দপ্তরের চলমান উন্নয়ন কার্যক্রম</td></tr>
<tr><td>খাবার বড়ি গ্রহণ</td><td>৩৫৪১৫ জন</td></tr>
<tr><td>কনডম</td><td>৮০০৩ জন</td></tr>
<tr><td>ইনজেকটেবল</td><td>১৩২০৬ জন</td></tr>
<tr><td>আইইউডি</td><td>১৭১২ জন</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>৪১১৯ জন</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি (পুরুষ)</td><td>২৪৩৭ জন</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি (মহিলা)</td><td>৬১৪৭ জন</td></tr>
<tr><td colspan="2">ডিসেম্বর/২০২৩ মাসের পদ্ধতি ভিত্তিক বিতরণ ছিল</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>১৭৮৪১ চক্র</td></tr>
<tr><td>খাবার বড়ি (আপন)</td><td>৫০৩ পিচ</td></tr>
<tr><td>কনডম</td><td>৩২০৭০ পিচ</td></tr>
<tr><td>ইনজেকটেবল</td><td>১৯৪৫ ভায়াল</td></tr>
<tr><td>আইইউডি</td><td>০৩ পিচ</td></tr>
<tr><td>ইমপ্লান্ট</td><td>৪৬ পিচ</td></tr>
<tr><td rowspan="2">স্থায়ী কার্যক্রম</td><td>পুরুষ বন্ধ্যাকরণ- ০০ জন</td></tr>
<tr><td>মহিলা বন্ধ্যাকরণ- ২৪ জন</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ে অনুষ্ঠিত উঠান বৈঠকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ ইউপি সদস্য/ জনপ্রতিনিধিদের সম্পৃক্ত থেকে পরিবার পরিকল্পনা কাজে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় তার বিভাগের কার্যক্রম উপস্থাপন করেন
<table>
<tr><th>কার্যক্রমের বিবরণ</th><th>চলতি মাসে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>৬০ জন</td><td>৯১০৮ জন</td></tr>
<tr><td>ব্যায়ো গ্যাস প্রশিক্ষণ</td><td>--</td><td>৪০ জন</td></tr>
<tr><td>আত্মকর্ম সংস্থান</td><td>৫ জন</td><td>৪৪৭৬ জন</td></tr>
<tr><td>যুব ঋণ বিতরণ</td><td>--</td><td>৪,৬০,০২,৫০০/-</td></tr>
<tr><td>যুব ঋণ আদায়যোগ্য</td><td>৩,১৩,০০০</td><td>৪,১৯,২০,১৮৪/-</td></tr>
<tr><td>যুব ঋণ আদায়কৃত</td><td>২,৯৮,৬৮৫</td><td>৩,৯১,১৬,০৫৩/-</td></tr>
<tr><td>যুব ঋণ আদায়ের হার(%)</td><td>৯৫%</td><td>৯৩%</td></tr>
<tr><td>রেজিষ্ট্রেশনকৃত যুব সংগঠনের সংখ্যা</td><td>নাই</td><td>২০টি</td></tr>
<tr><td>অনুদান প্রাপ্ত যুব সংগঠনের সংখ্যা ও টাকা</td><td>-</td><td>৪৩টি সংগঠন ৪,১৮,০০০/-</td></tr>
<tr><td>জাতীয় যুব পুরস্কার</td><td>-</td><td>১ জন ৯০,০০০/- টাকা</td></tr>
<tr><td>মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ</td><td>-</td><td>২০৬ জন</td></tr>
<tr><td>নার্সারী ও বৃক্ষরোপন</td><td>-</td><td>৭৬৯০টি</td></tr>
<tr><td>যৌতুক বিরোধী স্বাক্ষর গ্রহণ</td><td>-</td><td>১৮ টি ব্যাচ ৬০০ জন</td></tr>
<tr><td>অটিজম সণায়ু বিকাশ জনিত</td><td>-</td><td>১৬ জন</td></tr>
</table></td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শেরপুর, বগুড়া</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগ</td><td>সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর শেরপুর, বগুড়া সভায় বলেন, বাংলাদেশ নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় নলকূপের তালিকা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয় এবং সারাদেশে ২৩ টি পৌরসভায় ওয়াটার প্যাকেজের আওতায় পাইপ লাইনের কাজ চলমান আছে, বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে GPS,NNGPS এবং PEDP-৪ প্রকল্পের আওতায় ১২ টি ওয়াস ব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে, বাংলাদেশ নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট স্থাপন এর কাজ মর্মে সভাকে অবহিত করেন।</td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা আনসার ও ভিডিপি অফিস</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা এর প্রতিনিধি জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই।</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় অফিসার, শেরপুর, বগুড়া জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই।</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমবায় অফিসার শেরপুর, বগুড়া</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা নির্বাচন বিভাগ</td><td>উপজেলা নির্বাচন অফিসার শেরপুর, বগুড়া সভায় জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। কোন সমস্যা নেই।</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা নির্বাচন অফিসার শেরপুর,বগুড়া</td></tr>
<tr><td>২০</td><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ</td><td>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শেরপুর, বগুড়া, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>সহকারী প্রোগ্রামার</td></tr>
<tr><td>২১</td><td>পল্লী বিদ্যুৎ সমিতি</td><td>ডি.জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি শেরপুর, বগুড়া জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। কোন সমস্যা নেই মর্মে সভাকে অবহিত করেন।</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>ডি.জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি</td></tr>
<tr><td>২২</td><td>বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো লিঃ</td><td>নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, শেরপুর, বগুড়া বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।</td><td>পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</td><td>নির্বাহী প্রকৌশলী বিবিবি,নেসকো লিঃ</td></tr>
<tr><td>২৩</td><td>উপজেলা সামাজিক বনবিভাগ</td><td>ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, শেরপুর, বগুড়া বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।</td><td>পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</td><td>ভারপ্রাপ্ত বন কর্মকর্তা শেরপুর,বগুড়া</td></tr>
</table>

| ক্র.নঃ | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২৪ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভাকে অবহিত করেন তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২৫ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভাকে অবহিত করেন তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার শেরপুর, বগুড়া |
| ২৬ | আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | সিনিয়র শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভাকে অবহিত করেন তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমন্বয়কারী শেরপুর, বগুড়া |
| ২৭ | তথ্য আপা প্রকল্প বিভাগ | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভাকে অবহিত করেন তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্য সেবা কর্মকর্তা শেরপুর,বগুড়া |
| ২৮ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) স্থানীয় সরকার বিভাগ | সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২৯ | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার বলেন উপজেলা পরিষদের ন্যাস্তকৃত ১৭ টি বিভাগের স্থায়ী কমিটি সমূহের সভা প্রতি দুই মাসে অন্তত একটি করে সভা আহবান করে তার কার্য বিবরণী পরিষদ সভায় উপস্থাপনের জন্য বলা হলেও এযাবৎ কোন স্থায়ী কমিটির সভার কার্যপত্র পাওয়া যায়নি। আগামি সভায় স্থায়ী কমিটির সভার কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভাপতি ও সদস্য-সচিবগণকে বিশেষ অনুরোধ জানান। তিনি আগামি সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে মাসিক সভায় উপস্থিত থাকার অনুরোধ করেন। | আলোচনান্তে প্রতি দুই মাসে প্রত্যেকটি স্থায়ী কমিটির কমপক্ষে ০১ টি করে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সভাপতিগণ পরিষদের সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ১। উপজেলা পরিষদের সকল কর্মকর্তা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২৯ | বিবিধ-২ | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, যে সকল দপ্তরের কর্মকর্তাগণ সরকারী প্রশিক্ষণ বা অন্য কোন কাজে বাহিরে অবস্থান করেন, সে সকল দপ্তরের প্রতিনিধি মাসিক সমন্বয় সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে যে সকল দপ্তরের কর্মকর্তাগণ সরকারী প্রশিক্ষণ বা অন্য কোন কাজে বাহিরে অবস্থান করেন, সে সকল দপ্তরের প্রতিনিধি মাসিক সমন্বয় সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ১। উপজেলা পরিষদের সকল কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২৯ | বিবিধ-৩ | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের একটি ফটোকপি মেশিন ও একটি ল্যাপটপ দীর্ঘদিন যাবৎ অকেজো হয়ে পড়ে রয়েছে। দাপ্তরিক কাজ কর্ম করার সুবিধার্থে একটি ফটোকপি মেশিন, একটি ল্যাপটপ ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয় করার জন্য উপস্থিত সদস্যগণকে অবহিত করেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০. ০৫৪.২০১৩-২৬৪/১(৬) নং স্মারক মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(চ) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদের অর্থে অফিস সরঞ্জামাদি ক্রয়ের জন্য = ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে উপজেলা পরিষদের জন্য একটি ফটোকপি মেশিন, একটি ল্যাপটপ ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয়ের লক্ষ্যে = ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উত্তোলনের জন্য উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জন্য একটি ফটোকপি মেশিন, একটি ল্যাপটপ ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয় বাবদ= ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে কোটেশনের মাধ্যমে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২৯ | বিবিধ-৪ | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, প্রচন্ড শীতে শীতার্ত ব্যক্তিদের জন্য শীতবস্ত্র ক্রয় এবং মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় জলবদ্ধতা নিরসনের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে উত্তোলনের জন্য প্রস্তাব করেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০. ০০.০৫৪.২০১৩-২৬৪/১(৬) নং স্মারক মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ঘ) অনুচ্ছেদ অনুযায়ী কোন অত্যাবশ্যকীয় স্থাপনার জরুরী মেরামত ও পুনর্বাসন, ঘুর্ণিঝড়, বন্যা,প্রাকৃতিক দুর্যোগ, অগ্নিকান্ড, বেওয়ারিশ লাশ দাফন ইত্যাদি ক্ষেত্রে উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে = ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে (১) প্রচন্ড শীতে শীতার্ত ব্যক্তিদের জন্য শীতবস্ত্র ক্রয় বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা পিআইসি এর মাধ্যমে উত্তোলন (২) মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ৫নং মির্জাপুর ইউনিয়নের আয়রা মৌজায় অবস্থিত আশ্রয়ণ প্রকল্পের জলবদ্ধতা নিরসনের জন্য ০২ টি স্থানে ড্রেণ নির্মাণ বাবদ= ১,৫০,০০০+১,৫০,০০০= ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পিআইসি'র মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উত্তোলনের জন্য উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রত্যাশিত খাত হতে (১) প্রচন্ড শীতে শীতার্ত ব্যক্তিদের জন্য শীতবস্ত্র ক্রয় বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা পিআইসি এর মাধ্যমে উত্তোলন (২) মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ৫নং মির্জাপুর ইউনিয়নের আয়রা মৌজায় অবস্থিত আশ্রয়ণ প্রকল্পের জলাবদ্ধতা নিরসনের জন্য ০২ টি স্থানে ড্রেণ নির্মাণ বাবদ = ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পিআইসি'র মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২৯ | বিবিধ-৫ | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান,উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী পরিষদের জন্য ভিআইপি একটি চেয়ার, আসবাবপত্র সংগ্রহ/ মেরামত বাবদ উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে = ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে প্রয়োজনের নিরিখে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উত্তোলনের জন্য উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আসবাবপত্র সংগ্রহ/ মেরামত বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

<table>
<tr><th>ক্র.নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>২৯</td><td>বিবিধ-৬</td><td>সভাপতি জানান, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে সরকারি কাজের স্বার্থে বিভিন্ন খাতে নিম্নবর্ণিত টাকার ব্যয় পরিশোধ করা হয়েছে/ব্যয়িত অর্থ পরিশোধ করা হয়েছে। ব্যয় বিবরণী নিম্নরূপ:
<table>
<tr><th>ক্রম</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও মহিলা ভাইস-চেয়ারম্যানের, ডিসেম্বর/২৩ মাসের সম্মানীভাতা- (২৭,০০০×২)</td><td>৫৪,০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা পরিষদের ০২ জন অফিস সহায়কের ডিসেম্বর/২৩ মাসের (৫৫০×৩০=১৬৫০০) পারিশ্রমিক প্রদান- ১৬,৫০০×২=</td><td>৩৩,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা পরিষদের ০১জন মালি ও ০১ জন পরিচ্ছন্নতাকর্মীর ডিসেম্বর/২৩ মাসের (৫৫০×৩১= ১৬,৫০০/-) পারিশ্রমিক প্রদান- ১৬,৫০০×২ =</td><td>৩৩,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা পরিষদের ডিসেম্বর/২৩ মাসের ইন্টারনেট বিল বাবদ ব্যয়</td><td>২,৪০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা পরিষদের ডিসেম্বর/২৩ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ</td><td>৩০,০০০/-</td></tr>
<tr><td>০৬</td><td>উপজেলা পরিষদের ডিসেম্বর/২৩ মাসের স্টেশনারী মালামাল ক্রয় বাবদ ব্যয়</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা পরিষদের নিরাপত্তা প্রহরীর ডিসেম্বর/২৩ মাসের প্রারিশ্রমিক প্রদান</td><td>৮,২৫০/-</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা পরিষদের ডিসেম্বর/২৩ মাসের বিদ্যুৎ বিল বাবদ ব্যয়</td><td>১২,৫৪০/-</td></tr>
<tr><td>০৯</td><td>ডিসেম্বর/২৩ মাসের পানির পাম্প রক্ষণা-বেক্ষণ কাজের পারিশ্রমিক</td><td>৭,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>উপজেলা পরিষদের লাইটিং, পানির পাম্প মেরামত ও অন্যান্য বাবদ ব্যয়</td><td>৮৫,৫০০/-</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বিদ্যুৎ, ইন্টারনেটের তার প্রতিস্থাপন বাবদ</td><td>২৪,৫০০/-</td></tr>
<tr><td>১২</td><td>উপজেলার অভ্যন্তরীন সিকুইরিটি লাইট সংযোজন বাবদ</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা হলরুমের সুইচসহ বোর্ড প্রতিস্থাপন এবং পানির লাইন মেরামত বাবদ</td><td>১২,০০০/-</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে নাম ফলক স্থাপন/সংস্কার বাবদ</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>৩,৫৭,১৯০/-</td></tr>
<tr><td colspan="3">কথায়: (তিন লক্ষ সাতান্ন হাজার একশত নববই) টাকা মাত্র|</td></tr>
</table>
</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা সরকারি কাজের স্বার্থে সর্বমোট = ৩,৫৭,১৯০/-(তিন লক্ষ সাতান্ন হাজার একশত নববই) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</td><td>সংশ্লিষ্ট কর্তৃপক্ষ</td></tr>
</table>

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহ্ জামাল সিরাজী)
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
শেরপুর, বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর, বগুড়া
(sherpur.bogra.gov.bd)

স্মারক নং- ০৫.৫০.১০৮৮.০০০.০৬.০০১.২০২৩- ১৩০২ (৪০)

তারিখঃ ১৩ পৌষ ১৪৩০ / ২৮ ডিসেম্বর ২০২৩

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪০ বগুড়া- ০৫ (উপদেষ্টা, উপজেলা পরিষদ মাসিক সভা)
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৫। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৬। জেলা প্রশাসক, বগুড়া
০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
০৮। উপজেলা.........................................................অফিসার, শেরপুর, বগুড়া
০৯। চেয়ারম্যান,...................................ইউনিয়ন পরিষদ (সকল), শেরপুর, বগুড়া
১০। জনাব......................................................................................
১১। অফিস কপি।

(মোঃ সুমন জিহাদী)
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর, বগুড়া
টেলিফোনঃ ০২৫৮৯৯০৯২০১